

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

১৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৪৯.২৪.৩৬৭

বিষয়: অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২৪ এর আওতায় অতিরিক্ত সিদ্ধ চালের বরাদ্দ প্রদান।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২৪.১৬৭, তারিখ: ০২.০৬.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম, ময়মনসিংহ, রংপুর, খুলনা, রাজশাহী ও বরিশাল তাদের বিভাগের অনুকূলে চালের প্রদত্ত লক্ষ্যমাত্রার অতিরিক্ত যথাক্রমে ৪৯৪০.৭৩০ মে.টন, ৮১৫০.০১০ মে.টন, ৬০৯৭.৩১০ মে.টন, ৪১৭৫.২২ মে.টন, ৩৪১.৫৫০ মে.টন ও ২৩৩৭.৫০০ মে.টন সর্বমোট ২৬,০৪২.৩২ মে.টন চালের মিলভিত্তিক বরাদ্দ প্রদানের জন্য চাহিদা প্রেরণ করেছেন। এক্ষেত্রে, সূত্রস্থ স্মারকে অতিরিক্ত প্রদানকৃত বরাদ্দ থেকে চট্টগ্রাম, ময়মনসিংহ, রংপুর, খুলনা, রাজশাহী ও বরিশাল বিভাগে নিম্নবর্ণিতভাবে নিম্নোক্ত শর্তে বরাদ্দ প্রদান করা হলো:

ক্র.নং	বিভাগের নাম	মূল চুক্তি (মে.টন)	ক্রমপূঞ্জিত পুনঃবরাদ্দ (মে.টন)	অতিরিক্ত বরাদ্দ (মে.টন)	সর্বমোট বরাদ্দ (মে.টন)
১	২	৩	৪	৫	৬(৩+৪+৫)
১.	চট্টগ্রাম	১,১৭,৯১৮	৯৮৪১	২৪৭০.৩৬৫	১,৩০,২২৯.৩৬৫
২.	ময়মনসিংহ	১,৭৫,০৫৬	১৭,৫৭৭	৪০৭৫.০০৫	১,৯৬,৭০৮.০০৫
৩.	রংপুর	২,৪৮,০৭০	২১,৮৪৭	৩০৪৮.৬৫৫	২,৭২,৯৬৫.৬৫৫
৪.	খুলনা	১,৪০,৮৫৪	১০,৩৮১	২০৮৭.৬১	১,৫৩,৩২২.৬১
৫.	রাজশাহী	২,১০,৪০১	১৫,৯০৪	১৭০.৭৭৫	২,২৬,৪৭৫.৭৭৫
৬.	বরিশাল	২৪,৮৭৮	৩৩৮৩	১১৬৮.৭৫	২৯,২৮৯.৭৫
সর্বমোট=				১৩,০২১.১৬	

শর্তসমূহ:

- ক) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের ৫০% এর অধিক চাল পুনঃবরাদ্দ প্রদান করা যাবে না। তবে যে সকল মিলের চাহিদার তুলনায় চুক্তিকৃত পরিমাণ বেশী সেক্ষেত্রে চাহিদার ৫০% বরাদ্দ প্রদান করা যাবে।
- খ) এ অতিরিক্ত লক্ষ্যমাত্রা বিভাগের বিভিন্ন জেলায় যে সকল মিলার চুক্তিকৃত সমুদয় চাল ইতোমধ্যে পরিশোধ করেছেন এবং বর্তমানে সরকারি গুদামে আরও চাল সরবরাহ করতে আগ্রহী মিলারদের আবেদনের ভিত্তিতে অবিলম্বে বরাদ্দ প্রদান করতে হবে।

অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশ সম্মত চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৮-০৭-২০২৪

মোঃ মনিরুজ্জামান
পরিচালক (চলতি দায়িত্ব)

+৮৮-০২-৪১০৫০১৭৮

dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/রংপুর/খুলনা/সিলেট/ময়মনসিংহ।

স্মারক নম্বর:

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ২। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ৩। উপসচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়;
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য;
- ৫। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য;
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি/বিডিবিএল/রুপালী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো;
- ৭। অতিরিক্ত পরিচালক, এমআইএসএসএম বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং
- ৯। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



২৮-০৭-২০২৪

মোঃ মনিরুজ্জামান
পরিচালক (চলতি দায়িত্ব)